দৈনিক ইনকিলাব 128
তারিখ ... MAR. 7 1999
পৃষ্ঠা 7 কলাম 2

### মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র রুখতে হবে

# আগামীকাল পল্টন ময়দানে জাতীয় সমাবেশ সফল করতে দেশব্যাপী সাড়া

**স্টাফ রিপোর্টার** ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র, মিথ্যা মামলায় জড়িয়ে মাদ্রাসা ছাত্র-শিক্ষকদের গ্রেফতার ও হয়রানি প্রতিহত করতে এবং গ্রেফতারকৃত আলেম-ওলামাদের নিঃশর্ত মুক্তির দাবীতে ওলামা মাশায়েখগণ আগামীকাল ৮ মার্চ ঐতিহাসিক পল্টন ময়দানে জাতীয় সমাবেশের ডাক দিয়েছেন। এই সমাবেশ সফল করতে দেশব্যাপী সাড়া পড়েছে। সমাবেশ সফল করার লক্ষ্যে গতকাল (শনিবার) বিকেলে রাজধানীতে একটি বিরাট ট্রাক মিছিল বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। ট্রাক মিছিলের পর বিকেলে ধানমণ্ডি ২৭ নম্বর রোডের মাথায় জামেয়া রহমানিয়া মাদ্রাসার ছাত্রদের একটি মিছিলে উপর্যুপরি গুলী বর্ষণের ঘটনা ঘটেছে। উল্লেখ্য ট্রাক মিছিল শেষে মোহাম্মদপুরস্থ জামেয়া রহমানিয়া মাদ্রাসার ছাত্ররা ট্রাক ছেড়ে দিয়ে পায়ে হেঁটে মিছিল নিয়ে মাদ্রাসা অভিমুখে রওনা দেয়। মিছিলটি মিরপুর রোড থেকে ধানমণ্ডি ২৭ নম্বর রোডে আসা মাত্রই একটি লাল রং-এর প্রাইভেট কার মিছিলের সামনে এসে দাঁড়ায়। প্রাইভেট কারের ভেতর থেকে মিছিলের উপরে গুলীবর্ষণ করা হলে মিছিলকারীরা ছত্রভঙ্গ হয়ে যায়। এই সুযোগে গাড়ীটি পালিয়ে যায়। গুলীতে আবু সাঈদ নামে একজন মাদ্রাসা ছাত্র আহত হয়েছে। তাকে মারফাজুল ইসলাম হাসপাতালে ভর্তি করা হয়।

৮ মার্চের সমাবেশ সফল করতে ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন আজ (রবিবার) পল্টন মসজিদ চত্বর থেকে একটি মিছিল বের করবে।

৮ মার্চের সমাবেশ সফল করতে বিভিন্ন ইসলামী সংগঠন ও ইসলামী ব্যক্তিবর্গ গতকাল পৃথক পৃথক বিবৃতি দিয়েছেন এবং বিভিন্ন

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

### মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র রুখতে হবে

# আগামীকাল পল্টন ময়দানে জাতীয় সমাবেশ সফল করতে দেশব্যাপী সাড়া

প্রথম পৃষ্ঠার পর

সংগঠন সভা-সমাবেশ করেছে।

সভা-সমাবেশ ও বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, তাঁবেদার সরকারের পৃষ্ঠপোষকতায় ইহুদী, খৃস্টান, বর্ণ হিন্দু, নাস্তিক-মুরতাদ এবং এডাবসহ ইসলাম বিরোধী বিভিন্ন এনজিও একজোট হয়ে মাদ্রাসা শিক্ষা তথা ইসলামের উপর মরণ কামড় দিয়েছে। নেতৃবৃন্দ দেশ ও জাতির কল্যাণ এবং ইসলাম ঈমান আকিদার স্বার্থে ৮ মার্চের সমাবেশ সফল করার জন্য দেশবাসী তথা সকল মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন।

#### আলেমদের বিবৃতি

৮ মার্চ পল্টন ময়দানের জাতীয় সমাবেশ সফল করার আহবান জানিয়ে মাওলানা আবুল কালাম মুহাম্মদ ইউসুফ, মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী এমপি, মাওলানা আবদুস সুবহান, মাওলানা কামাল উদ্দিন জাফরী, মাওলানা আবুল কালাম আযাদ, মাওলানা জয়নুল আবেদীন, মাওলানা সিরাজুল ইসলাম, মাওলানা বশিরুল্লাহ আতাহারী, মাওলানা ইলিয়াস, মাওলানা কামাল উদ্দিন খান, মাওলানা আবদুল কাদের, মাওলানা সরদার আবদুস সালাম, মাওলানা রুহুল আমীন গতকাল এক বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে তাঁরা বলেন, সরকার যখন মাদ্রাসা শিক্ষা তথা ইসলামী শিক্ষা ও সংস্কৃতি বন্ধ করে দিয়ে ভারতীয় পৌত্তলিক শিক্ষা সংস্কৃতি জাতির উপর জোর করে অন্যায়ভাবে চাপিয়ে দেবার ষড়যন্ত্রে লিপ্ত ঠিক সেই মুহূর্তে দেশবরেণ্য ওলামায়ে কেরাম এ সমাবেশ আহবান করে খুবই সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করেছেন। ইসলামী শিক্ষা বন্ধের জন্য সরকার যে গভীর ষড়যন্ত্র করছে তার বিরুদ্ধে রুখে দাঁড়ানো এ দেশের সকল তৌহিদী জনগণের ঈমানী দায়িত্ব।

#### জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ

ছাত্র জমিয়তের কেন্দ্রীয় দফতরে মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র প্রতিহত করতে আগামীকাল ৮ মার্চ সোমবার পল্টন ময়দানের জাতীয় সমাবেশ সফল করতে ছাত্র জমিয়তের কেন্দ্রীয় কমিটির উদ্যোগে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় সভাপতি আলহাজ্জ গোলাম মহিউদ্দীন ইকরাম। আলোচনায় অংশগ্রহণ করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জিয়াউল হক, জমিয়তে উলামায়ে ইসলামের কেন্দ্রীয় সহ-সভাপতি মাওলানা ক্বারী আব্দুল খালেক, আরজাবাদ মাদ্রাসার মুহতামিম মাওলানা মোস্তফা আজাদ, মাওলানা বাহাউদ্দিন যাকারিয়া ফুয়াদ।

বক্তারা বলেন, পিঠ দেয়ালে ঠেকে গেছে এখন আর প্রতিবাদ নয় প্রতিরোধ করতে হবে। ছাত্র জমিয়ত কেন্দ্রীয় কমিটি ৮ মার্চ সমাবেশ সফল করার লক্ষ্যে আজ ৭ মার্চ বাদ আসর পল্টন মোড় থেকে মিছিল বের করার কর্মসূচী ঘোষণা করেছে। কুমিল্লা জেলা জমিয়তে উলামা ইসলামের আহবায়ক কুমিল্লা রানীর বাজার মাদ্রাসার মুহতামিম মাওঃ মোজাফফর ও সদস্য সচিব মসজিদে আযীয-এর খতীব মুফতী মনির হুসাইন সমাবেশ সফল করতে অনুরূপ বিবৃতি প্রদান করেন।

ইসলামী শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্র প্রতিহত করতে ৮ মার্চ পল্টন ময়দানের মহাসমাবেশের প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন এবং এই সমাবেশকে সফল করার জন্য সর্বস্তরের ইসলামপ্রিয় শ্রমজীবী মেহনতি জনগণকে অংশগ্রহণ করার আহবান জানিয়ে ইসলামিক লেবার অর্গানাইজেশন (আইএলও) বাংলাদেশের চেয়ারম্যান আশরাফ উদ্দীন আহম্মদ মুজাহিদ ও সিনিয়র ভাইস চেয়ারম্যান মাওলানা মোঃ মহিউদ্দীন ফারুকী যুক্ত বিবৃতি প্রদান করেছেন। বিবৃতিতে নেতৃবৃন্দ বর্তমান আওয়ামী লীগ সরকারকে ইসলাম ও মুসলিম স্বার্থ বিদ্বেষী বিজাতীয়দের তাঁবেদারীতে নিয়োজিত সরকার বলে আখ্যায়িত করে বলেছেন, এই দেশের স্বাধীনতা রক্ষার প্রধান শক্তি হচ্ছে ইসলামী চেতনা ও মূল্যবোধ। আর এই ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার প্রধান প্রাণকেন্দ্র হচ্ছে দেশের হাজার হাজার মাদ্রাসা। তাই ইসলামের শত্রুরা মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করছে।

ইসলামী কাফেলা বাংলাদেশের আহবায়ক জিয়ারতে হারামাইন পরিষদের চেয়ারম্যান আলহাজ মাওলানা মজিবুর রহমান যুক্তিবাদী বলেছেন, বর্তমান সরকার সন্ত্রাসী কায়দায় ইসলামের বিরুদ্ধে লেগেছে। ইসলামী শিক্ষা, মাদ্রাসা, মসজিদ ও আলেম-উলামার বিরুদ্ধে যে শয়তানী খেলা খেলতে শুরু করেছে তার পরিণাম শুভ হবে না। তিনি বলেন, জান, মাল, রক্ত দেব, তবু মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে চক্রান্ত সফল হতে দেব না। মাওলানা যুক্তিবাদী বলেন, ১২ কোটি মুসলমানের দেশে ভারতের ইংগিতেও নাস্তিক মুরতাদদের প্ররোচনায় ইসলামের বিরুদ্ধে বর্তমান সরকার সাঁড়াশী আক্রমণ শুরু করেছে। এই সরকারকে উৎখাত না করলে দেশ ও ইসলাম কিছুই টিকবে না। তিনি বলেন, ৮ মার্চ ঢাকায় যে জাতীয় সমাবেশ ডাকা হয়েছে তা বানচাল করার জন্য সরকার ও তার দোসররা ষড়যন্ত্র শুরু করেছে।

নোয়াখালী অফিস জানায় ঃ ৮ মার্চ ঐতিহাসিক পল্টন ময়দানে জাতীয় সমাবেশ উপলক্ষে বৃহত্তর নোয়াখালীতে ব্যাপক সাড়া পড়েছে। ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান ও ইসলাম ধর্মের বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের অবিরাম চক্রান্তের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে ধর্মপ্রাণ মুসলমানসহ আলেম সমাজ। সকল মতভেদ ভুলে গিয়ে এখন সবাই ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে সোচ্চার। মুসলিম উম্মাহ ও সমৃদ্ধি কামনায় শুক্রবারের জুম্মার নামাজের পর প্রতিটি মসজিদে মোনাজাত অনুষ্ঠিত হয়। গত কয়েকদিনে নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুরে অনুষ্ঠিত ধর্মীয় সমাবেশগুলোতে প্রত্যেক বক্তা ইসলামের দুশমনদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য সকল মুসলমানের প্রতি উদাত্ত আহবান জানান।

পল্টনের মহাসমাবেশ সফল করার লক্ষ্যে বৃহত্তর নোয়াখালী থেকে চল্লিশ সহস্রাধিক লোক অংশ নিচ্ছে বলে জানা গেছে।